

নং-৩৮.০০.০০০০.০৩১.০৪.০০৪.১৭- ৬৩২ (২)

তারিখ:

০২ ভাদ্র ১৪২৪
১৭ আগস্ট ২০১৭

বিষয় : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলা পরিচালনার জন্য বেসরকারী প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগপত্র।

উপর্যুক্ত বিষয়ে আপনার আবেদনের প্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তাধীনে আপনাকে বেসরকারী প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হলো:

শর্তাবলীঃ

- ০১। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্যানেল আইনজীবী হিসেবে আপনার এই নিয়োগপত্র ইস্যুর তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য কার্যকর থাকবে। উভয় পক্ষ হতে ৬০ (ষাট) দিনের পূর্ব নোটিশ প্রদান সাপেক্ষে এই নিয়োগ রহিত/বাতিল করা যাবে।
- ০২। প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকাকালীন আপনাকে কোন প্রকার বেতন-ভাতা বা সম্মানী দেয়া হবে না।
- ০৩। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের যে সকল মামলা পরিচালনা অথবা প্রতিদ্বন্দ্বিতা করার জন্য আপনাকে দায়িত্ব প্রদান করা হবে সে সকল মামলা পরিচালনা এবং আইন সংক্রান্ত অন্যান্য কার্যাবলী সম্পাদনের জন্য আপনাকে সরকার নির্ধারিত হারে আইনগত/পেশাগত ফি প্রদান করা হবে (কপি সংযুক্ত)।
- ০৪। সরকারি স্বার্থে আপনার পরিচালনাধীন মামলাসমূহের দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে আপনি বাধ্য থাকবেন।
- ০৫। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় আপনার কাছ থেকে যে কোন বিচারাধীন মামলা যে কোন সময়/পর্যায়ে ফেরৎ নিয়ে অন্য কোন আইনজীবীর নিকট হস্তান্তর করতে পারবে এবং আপনি উক্ত মামলার কাগজপত্র/দলিলাদি/অনাপত্তি পত্র বিনা কৈফিয়তে হস্তান্তর করতে বাধ্য থাকবেন।
- ০৬। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আইনজীবী দ্বারা পরিচালিত যে কোন মামলা যে কোন পর্যায়ে থাকা অবস্থায় আপনার নিকট হস্তান্তর করলে আপনি তা গ্রহণ করতে বাধ্য থাকবেন।
- ০৭। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্যানেলভুক্ত থাকাকালীন আপনি এ মন্ত্রণালয়ের মামলা সংক্রান্ত কোন বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিপক্ষকে কোনরূপ মতামত প্রদান কিংবা এ মন্ত্রণালয়ের বিরুদ্ধে কোন আদালতে মামলা পরিচালনা কিংবা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিপক্ষকে সমর্থন করতে পারবে না।
- ০৮। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে থেকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট কার্যালয়ের মামলা ও আইন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক সম্পাদন করতে হবে। আইনগত দায়িত্ব পালনের ক্ষেত্রে আপনার আন্তরিকতার অভাবে/ভুল ত্রুটির কারণে সরকার কোনরূপ ক্ষতির সম্মুখীন হলে কর্তৃপক্ষের নিকট আপনাকে জবাবদিহি করতে হবে এবং উদ্ধৃত যাবতীয় ক্ষতির জন্য আপনি দায়ি থাকবেন।
- ০৯। আপনাকে প্রদত্ত সকল মামলার তারিখ ও অবস্থা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আইন শাখাকে যথাসময়ে অবহিত করতে হবে। তাছাড়া আপনার চেম্বার/বাসার ডাক যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর পরিবর্তন হলে অবিলম্বে তা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- ১০। আপনার কোন ভুল-ভ্রান্তি/ অসদাচরণের কারণে সরকারের স্বার্থ ক্ষুণ্ণ হলে তার দায়-দায়িত্ব আপনার উপর বর্তাবে।





১১। আপনার পরিচালনাধীন সকল মামলার আদালতের ধার্য তারিখের কার্যক্রম একটি রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।



১২। আপনার নিকট প্রদত্ত সকল মামলার সর্বশেষ অবস্থাসহ হালনাগাদ বিবরণী সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিকট প্রতি ০৩ (তিন) মাস অন্তর দাখিল করতে হবে। এ ছাড়া কর্তৃপক্ষের প্রয়োজনে যে কোন সময় উক্তরূপ মামলার অবস্থা/বিবরণী প্রদান করতে হবে।

১৩। মামলা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আইন শাখাকে অবহিত করতে হবে (ফোন: ৯৫৪৫৬১৪ (অফিস)/সহকারী সচিব মোবাইল নং-০১৭২৬২৬৩৩২৫)।

১৪। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকাতে আপনার জন্য একটি কক্ষের ব্যবস্থা থাকবে। আপনি নিজ দায়িত্বে কোন ডকুমেন্ট বাংলা হতে ইংরেজি কিংবা ইংরেজি হতে বাংলায় ভাষান্তর করবেন। এছাড়া মামলার প্রয়োজনীয় কাগজপত্রাদি নিজ দায়িত্বে সংশ্লিষ্ট দপ্তর হতে সংগ্রহ করবেন।

উপরিউক্ত শর্তাধীনে সম্মত থাকলে পত্র প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প উল্লিখিত ১৪ টি শর্ত লিপিবদ্ধ করতে হবে এবং যোগদানপত্র/সম্মতিপত্র পূরণপূর্বক সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বরাবরে দাখিল করতে হবে।

সংযুক্ত: বর্ণনামতে ০২ (দুই) ফর্দ।


(মোঃ আকরাম-আল-হোসেন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ফোনাঃ ৯৫১৫৫৪৮


প্রাপক:

০১। এডভোকেট শেখ শফিক মাহমুদ
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স
চেম্বার নং-এ-৪ (৬ষ্ঠ তলা)
২০৪, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।

০২। এডভোকেট মোহাম্মদ মাহমুদ হাসান
হাউজ-১১/এফ, রোড-১৯, ব্লক-জি
বসুন্ধরা আ/এ, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।

২। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

৪। সহকারী সচিব (বাজেট), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।